



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৯১১০৫৮২১/কিশোরগঞ্জ -১৩৫ /

৩২৩৫/১

তারিখঃ ২৮.০৪.২০১৯খ্রিঃ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২২১১৯১১০৫৮২১/১৬৫৭২/নথি নং-১৩৫; তারিখ: ১৮/০২/২০১৯

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন বাহাদিয়া নাজেমী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিষয়ে জনৈক জনাব আ: রশিদ মাদ্রাসার সুপারের বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-বিগত ০৮/১০ বছর এলাকার বিভিন্ন কুচক্রীমহল ব্যক্তিদের নিয়ে মাদ্রাসা পরিচালনা কমিটি গঠন করে মাদ্রাসার সুপার অনিয়মসহ শিক্ষার মানের ব্যাপক ক্ষতি সাধন করে আসছে। মাদ্রাসার সুপার তার ব্যক্তিগত স্বার্থকে চরিতার্থ করার জন্য মাদ্রাসার অভিভাবক কিংবা শ্রেণিকক্ষে ছাত্র/ছাত্রীদেরকে মাদ্রাসার কমিটি গঠন সংক্রান্ত কোন নোটিশ বা মৌখিকভাবে অবগত না করে বার বার মাদ্রাসা পরিচালনা কমিটি গঠন করে আসছে। বিগত ১৮-০২-১৯ তারিখে সূত্রোক্ত স্মারকে মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠনকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। যার পরিপ্রেক্ষিতে গত ২৭-০১-২০১৯ তারিখে সুপার ও মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতিকে উকিল নোটিশ প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (...) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৯১১০৫৮২১/কিশোরগঞ্জ -১৩৫ /

তারিখঃ .০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৩. সভাপতি/সুপার, বাহাদিয়া নাজেমী দাখিল মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৪. জনাব আ: রশিদ, বাহাদিয়া নাজেমী দাখিল মাদ্রাসা, গ্রাম: বাহানিয়া, ডাকঘর: বাহাদিয়া, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিষ্টার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়ঃ- পাকুন্দিয়া উপজেলাধীন বাহাদিয়া নাজেমী দাখিল মাদ্রাসার অনির্বাচিত অনুমোদিত কমিটি
বাতিল করণ প্রসংগে।


জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আঃ রাশিদ, পিতা-
মৃত- ইব্রাহিম, গ্রাম- বাহাদিয়া, ডাকঘর- বাহাদিয়া, উপজেলা-পাকুন্দিয়া, জেলা-কিশোরগঞ্জ। এই মর্মে
আপনার নিকট অভিযোগ করিতেছি যে, বাহাদিয়া নাজেমী দাখিল মাদ্রাসায় প্রায় ০৮/১০ বৎসর যাবৎ
এলাকার কতক কুচক্রী মহলের ব্যক্তিদের নিয়া মাদ্রাসা পরিচালনা কমিটি গঠন করিয়া মাদ্রাসার সুপার
জনাব মোঃ আমিনুল ইসলাম নানান প্রকার অনিয়ম সহ শিক্ষার মানের ব্যপক ক্ষতি সাধন করিয়া
আসিতেছে। উল্লেখিত সুপার তাহার ব্যক্তিগত স্বার্থকে চরিতার্থ করার জন্য মাদ্রাসার অভিভাবককে কিংবা
শ্রেণী কক্ষে ছাত্র/ছাত্রীদেরকে মাদ্রাসার কমিটি গঠন সংক্রান্তে কোন নোটিশ বা মৌখিক ভাবে অবগত না
করিয়া একই ব্যক্তিদের নিয়া মাদ্রাসা পরিচালনা কমিটি গঠন করিয়া আসিতেছে। তাছাড়াও গত
১৮/০২/২০১৯ তারিখ তাহার পছন্দ মত নতুন কমিটি অনুমোদন করে নেয়। উক্ত কমিটি গঠন করাকে
কেন্দ্র করিয়া এলাকাবাসি উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ বরাবরে লিখিত অভিযোগ
দায়ের করেন (কপি সংযুক্ত) এবং উক্ত বিষয়ে জেলা শিক্ষা অফিসার মহোদয়কে লিখিত ভাবে অবগত
করানো হয়। উক্ত ঘটনাকে কেন্দ্র করিয়া এলাকায় উত্তেজনা বিরাজমান। যাহার প্রেক্ষিতে গত
২৭/০১/২০১৯ইং তারিখ উল্লেখিত সুপার ও মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতিকে উকিল নোটিশ
প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, মাদ্রাসার উন্নয়নকল্পে উল্লেখিত বিষয়াদি
সরেজমিনে তদন্তপূর্বক অনির্বাচিত কমিটি বাতিল করতঃ পুনরায় নির্বাচিত কমিটি গঠন করতঃ সুপারের
বিরুদ্ধে বিভাগীয় বিচার ব্যবস্থা গ্রহণে আপনার মর্জি হয়।

তারিখ-০৬/০৩/২০১৯ইং।

বিনীত নিবেদক


(আঃ রাশিদ)

মোবাইল নং- ০১৭২৬৭৬৩৯৬৭